অভিভাবকদের ব্যাকপ্যাক গাইড

# কমন কোর স্টেট স্টান্ডার্ড সমহ

engage ny
Our Students. Their Moment.

## ইংলিশ ল্যাংগুয়েজ আর্ট ও গণিত

সকল ছেলে মেয়ে হাইস্কুল গ্রাজুয়েশনের পরে যাতে সফলতা পেতে পারে সে জন্য ২০১০ সালে নিউইয়র্ক স্টেট বোর্ড অব রিজেন্ট কমন কোর পদ্ধতি গ্রহন করেছে। এই স্টান্ডার্ড আপনার সন্তানের উপর কতটা প্রভাব ফেলবে, আপনি কি কি পরিবর্তন দেখতে পাবেন এবং ছেলে মেয়েদের ক্লাশরুমে সাহায্যের জন্য আপনি বাড়ীতে কি করতে পারেন তা বুঝার ক্ষেত্রে এই গাইড আপনাকে সাহায্য করবে।

### কমন কোর স্টেট স্টান্ডার্ড কেন গুরুত্বপূর্ণ?

কমন কোর স্টেট স্টান্ডার্ড গুরুত্বপূর্ণ কারণ এই স্টান্ডার্ডগুলি ছেলে মেয়েরা তারা কে বা তারা একই যোগ্যতা সম্পন্ন শিক্ষা পাক বা না পাক সকল ছেলে মেয়েদের সাহায্য করবে। আপনাদের ছেলে মেয়েদের কি শিখা উচিৎ বা তারা বর্ণিত বিষয় সমূহে কি কি করতে পারবে সে বিষয়ে একটা পরিষ্কার প্রত্যশা ব্যাক্ত করা আছে যথা: পড়া, লেখা, বলা, শুনা ও গণিত। আপনি যদি প্রত্যাশাগুলি জানেন তাহলে আপনি শিক্ষকদের সাথে কাজ করতে পারবেন ও আপনার সন্তানকে প্রস্তুত হওয়ার জন্য সাহায্য করতে পারবেন।

## ইংলিশ ল্যাঙ্গয়েজ আর্ট (ইএলএ)

কমন কোর স্টেট স্টান্ডার্ড বর্তমান স্টান্ডার্ডের ক্ষেত্রে অসংখ্য গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে । এই পরিবর্তন গুলোকে শিফ্ট বলে। নীচের চার্ট থেকে দেখা যাবে কি কি পরিবর্তন এনেছে এবং সন্তানকে সাহায্য করার জন্য আপনি কি করতে পারেন। যদি আপনার সন্তানের এ্যাসাইনমেন্টে এই শিফ্ট গুলো দেখতে না পান তাহলে সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন।

| Shift কি? | Backpack এ কি দেখতে/খজতে হবে? | আপনি কি করতে পারেন? |
|---|---|---|
| • আপনার সন্তান এখন প্রত্যেক গ্রেডে তথ্য ভিত্তিক সাহিত্য বেশি বেশি পড়বে। | • সন্তান যাতে বাস্তব ভিত্তিক ঘটনাসমূহ যেমন জীবনী, ঐতিহাসিক ঘটনা সমূহ ও বাস্তব জীবন ভিত্তিক লেখা পড়ে তা দেখতে হবে।. | • সন্তানের সাথে তথ্য-ভিত্তিক কথা সাহিত্য পড়ুন। পড়াকে মজাদার করার উপায় বের করুন। |
| • বেশি বেশি তথ্য ভিত্তিক কথা সাহিত্য পড়া আপনার সন্তানকে পৃথিবীকে জানতে সাহায্য করবে। | • আপনার সন্তান যাতে বাসায় বাস্তব ভিত্তিক বই নিয়ে আসে তা লক্ষ রাখুন। যেমন, প্রথম শ্রেনী বা কিন্ডার গার্টেনের ছেলে মেয়েরা যেন অবশ্যই Clyde Robert Bullas এর A tree is a Plant বইটা পড়ে। এই বই ছাত্র ছাত্রীদের বিজ্ঞানের ব্যাপারে অনেক কিছু শিখায়। | • জানতে হবে কোন গ্রেডের জন্য কোন ধরনের তথ্য ভিত্তিক সাহিত্য উপযুক্ত এবং আপনার সন্তান যাতে সে ধরনের বই পড়তে পারে তা নিশ্চিত করতে হবে। |
| • আপনার সন্তানকে চ্যালেঞ্জিং বিষয় গুলি খুব মনোযোগ দিয়ে পড়তে হবে এতে করে তারা বুঝতে পারবে যে তারা কি পড়ছে এবং সে বিষয়ে সিদ্ধান্তে উপনীত হতে পারবে। | • আপনার সন্তানের জন্য এমন পড়ার ও লেখার এ্যাসাইনমেন্ট থাকবে যা তাদেরকে একটা বই বা গল্পের মূল বিষয় সম্পর্কে বলতে বলবে। যেমন, আপনার দ্বিতীয় বা তৃতীয় গ্রেড কে অবশ্যই Faith D Alvisir's তথ্য ভিত্তিক কথা সাহিত্য What The World Eats পড়তে হবে এবং মূল বিষয় বলতে হবে। | • সন্তানের পড়ার জন্য আরো বেশি চ্যালেঞ্জিং বিষয় দিন। তাদের কে দেখান/বুঝান জটিল বিষয়গুলি কিভাবে সামলাতে হয়। |
| • যখন আপনার সন্তান বাস্তব ভিত্তিক একটা গল্প লিখবে, তখন তারা সে বিষয়ের উপর বই থেকে প্রাপ্ত প্রমাণ ব্যবহার করবে। | • লিখিত এ্যাসাইনমেন্ট এর খোঁজ করুন যা আপনার সন্তানকে বাস্তব ভিত্তিক উদাহরণ দিতে বলবে ও তাদের বাস্তব ভিত্তিক উত্তর ও লেখা সমাপ্ত করতে সাহায্য করবে। যা মতামত মূলক প্রশ্ন থেকে আলাদা ও যা অতীতে ব্যবহার করা হতো। | • দৈনন্দিন আলাপ আলোচনায় সন্তানের কাছে প্রমাণ / যৌক্তিকতা দাবী করুন। |
| • আপনার সন্তান কি ভাবে লিখতে হয় তা শিখবে। | • খোঁজ নিন আপনার সন্তানের লিখিত এসাইনমেন্ট যা লেখার ক্ষেত্রে যুক্তিতর্ক উপস্থাপন করবে ও প্রমাণ ব্যবহারের মাধ্যমে। ৪র্থ ও ৫ম শ্রেণীর ছাত্র ছাত্রীদের অবশ্যই Steve Otfinoski র The Kids Guide to Money পড়তে হবে। | • বাসায় লিখতে উৎসাহ প্রদান করুন। প্রমাণ ব্যবহার করে একত্রে লিখুন। |
| • আপনার সন্তানের বর্ধিত একাডেমিক ভোকাবোলারি অর্জন করবে। | • এমন এসাইনমেন্ট এর খোঁজ নিন যা আপনার সন্তানের শব্দভান্ডার সমৃদ্ধ করবে এবং তাদেরকে শেখাবে যে, ভাষা হল শক্তি। | • শিশু ও বাচ্চাদের সাথে প্রায়ই পড়তে বসুন। |

# গণিত

ছাত্র ছাত্রীদের জ্ঞান অর্জনের ক্ষেত্রে কমন কোর স্টেট স্টান্ডার্ড বর্তমান স্টান্ডার্ডের ক্ষেত্রে অসংখ্য গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে । এই পরিবর্তন গুলোকে শিফ্‌ট বলে। নীচের চার্ট থেকে দেখা যাবে কি কি পরিবর্তন এনেছে এবং সন্তানকে সাহায্য করার জন্য আপনি কি করতে পারেন। যদি আপনার সন্তানের এ্যাসাইন মেন্টে এই শিফ্‌ট গুলো দেখতে না পান তাহলে সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন।

| শিফ্‌ট কি? | ব্যাকপ্যাকে কি দেখতে/খজতে হবে? | আপনি কি করতে পারেন? |
|---|---|---|
| • আপনার সন্তান অল্প কিছু বিষয় নিয়ে আরো গভীরভাবে কাজ করতে পারবে। এটা তাদের সম্পূর্ণ রূপে বুঝতে সাহায্য করবে। | • এমন এসাইনমেন্ট দিতে হবে যাতে ছাত্রছাত্রীদের দেখাতে হবে যে কিভাবে তারা তা করেছে এবং ব্যাখ্যা করতে হবে কিভাবে তারা উত্তর পেয়েছে। | • গ্রেড লেভেল অনুযায়ী সন্তানের জন্য কোন বিষয় গুরুত্বপূর্ণ তা জানতে হবে এবং ঐ সমস্ত বিষয় নিয়ে সময় কাটাতে হবে। |
| • আপনার সন্তান বছরের পর বছর শিখতে থাকবে এবং তাদের শিক্ষার ভিত্তি হবে মজবুত। | • এমন এসাইনমেন্ট দিতে হবে যা একটা আরেকটার উপর ভিত্তি করে গড়ে ওঠে। উদাহরণ স্বরূপ বলা যায়, ছাত্রছাত্রীরা যোগ, বিয়োগ, গুন ও ভাগ অংকের প্রতি দৃষ্টি দিবে। যখন এই সকল ক্ষেত্রে তারা পারদর্শী হয়ে উঠবে, তখন তারা ভগ্নাংশের প্রতি মনোযোগ দিবে। এর পর তারা বীজগণিতের প্রতি নজর দিবে। তারা যে বিষয় শিখবে তার অগ্রগতির উপর আপনি নজর দিতে সক্ষম হবেন। | • গত বছর আপনার সন্তান যে, বিষয়ে সমস্যার সম্মুখীন হয়েছিল সে ব্যাপারে সতর্ক হোন এবং সন্তানকে সেই সকল ক্ষেত্রে এগিয়ে যেতে সাহায্য করুন। |
| • আপনার সন্তান গণিত অনুশীলণে ও শিখতে সময় ব্যয় করবে। | • এমন এসাইনমেন্ট বেছে নিন যা আপনার সন্তানকে গাণিতিক বিষয়ে দক্ষ করে তুলবে যেমন ২০ সংখ্যার যোগ অথবা নামতা করতে। | • সাধারণ গণিত বিদ্যা জানতে ও শিখতে সন্তানকে সাহায্য করুন। দৈনন্দিন জীবনে যে গণিত সব সময় কাজে লাগে এমন গণিত করতে সন্তানকে বলুন। |
| • আপনার সন্তান বুঝতে পারবে গণিত কিভাবে কাজ করে এবং তাদেরকে এ ব্যাপারে কথা বলতে ও প্রমাণ দিতে হবে। | • আপনার সন্তানের এমন এসাইনমেন্ট থাকতে হবে যা তাদেরকে তাদের গণিত নিয়ে চিন্তা ভাবনা দেখাতে ও বুঝাতে বলবে । এবং তারা বলতে পারবে কেন তাদের প্রদত্ত উত্তর সঠিক। | • আপনি আপনার সন্তানের সাথে তাদের গণিতের অনুশীলন বা কাজ নিয়ে কথা বলুন এবং তাদের কে বলুন আপনাকে নতুন বিষয়ে ধারনা দিতে/ শিখাতে। তাদের চিন্তাভাবনাকে প্রকাশ করতে সহযোগীতা করুন। |
| • আপনার সন্তানকে এখন বাস্তব জীবনে গণিত ব্যবহারের জন্য বলা যেতে পারে। | • এমন গণিত এর এসাইনমেন্ট করতে হবে যা বাস্তব জীবনে প্রযোজ্য। ধরা যাক ৫ম শ্রেণীর জন্য ভগ্নাংশ। | • প্রতিদিন বাড়িতে গণিতের উপর কাজ করার জন্য সন্তানকে সময় দিন। |

# আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলা

যখন আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলবেন তখন চেষ্টা করবেন আপনার সন্তানের জন্য সব থেকে গুরুত্বপূর্ন বিষয়গুলি নিয়ে কথা বলতে। আপনার সন্তান তার গ্রেড লেভেলের প্রত্যাশা অনুযায়ী কেমন করছে তা জিজ্ঞেস করুন।

আপনার সন্তান ক্লাশে যা করে তার নমুনা দেখার জন্য শিক্ষককে বলুন। নিম্নোক্ত ওয়েব সাইটে যে নমুনা আছে তার সাথে আপনার সন্তানের কাজের তুলনা করুন http://www.engageny.org/resource/new-york-state-common-core-sample-questions. এছাড়া ওই সব নমুনার কপি এনে শিক্ষককে প্রশ্ন করুন যে সে সব নমুনা কিভাবে ক্লাশে ব্যবহার করা হয়।

এইসব তথ্য আপনাকে গুরুত্বপূর্ন সিদ্ধান্ত নিতে সাহায্য করবে যার ফলে আপনার সন্তান ক্লাশে সফল হতে পারবে।

অতিরিক্ত তথ্যের জন্য ***www.engageny.org*** ভিজিট করুন বা স্থানীয় প্রিন্সিপ্যাল বা সুপারিন্টেডেন্টের সাথে যোগাযোগ করুন।